গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া**

https://rda.gov.bd/

# সমবায়ভিত্তিক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি ও কৃষক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন শীর্ষক প্রকল্প

## প্রকল্পের সার সংক্ষেপ

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ২. | বাস্তবায়নকারী সংস্থা | : | পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া |
| ৩. | প্রকল্পের নাম | : | "সমবায় ভিত্তিক খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি ও কৃষক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন" প্রকল্প |
| ৪. | প্রকল্পের ধরণ | : | সম্পুর্ণ জিওবি অনুদান |
| ৫. | প্রকল্পের উদ্দেশ্য | : | সমবায় ভিত্তিক কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে চাষাবাদে কায়িক শ্রম ও সময় সাশ্রয় করে উৎপাদন ব্যয় হ্রাস ও কৃষকের আর্থ-সামাজিক উন্নয়ন করাই এ প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যাবলী নিম্নরূপঃ<br><br>i. সরকারী ও বেসরকারী সহযোগিতায় অংশীদারিত্বের ভিত্তিতে সমবায় ভিত্তিক 'মেকানাইজেশন ভিলেজ' গড়ে তুলে কৃষক ও গ্রামীণ যুবকদের সংগঠিত করে টেকসই কৃষি উৎপাদন ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;<br><br>ii. খামার যান্ত্রিকীকরণের সুবিধার্থে সমবায় পদ্ধতিতে কৃষি যন্ত্রপাতির লাভজনক ব্যবহার প্রচলন বিষয়ক গবেষণা পরিচালনা করা; এবং কৃষি কাজে দক্ষতা উন্নয়ন বিষয়ক (skill development) প্রশিক্ষণ প্রদান এবং আয়বর্ধনমূলক কর্মকান্ডে কৃষকদের সম্পৃক্তকরণের মাধ্যমে অতিরিক্ত আয়ের সুযোগ সৃষ্টি করা। |
| ৬. | প্রকল্পের উল্লেখযোগ্য কম্পোনেন্ট | : | ৯ টি বিষয়ে ১১১০জন সুবিধাভোগীকে প্রশিক্ষণ প্রদান, ক্ষুদ্র ঋণ প্রদান। প্রকল্পের আওতায় একটি Integrated Farm Mechanization System এর নিশ্চয়তা (যেখানে: ১০০ একর সেচ ক্ষমতা সম্পন্ন একটি গভীর নলকূপ, বারিড পাইপ নেটওয়ার্ক, ১টি উচ্চ ক্ষমতা সম্পন্ন ট্রাক্টর এবং ১টি কম্বাইন হার্ভেস্টরসহ অন্যান্য কৃষি যন্ত্রপাতি থাকবে। (প্রকল্প এলাকার ০৪টি উপজেলার ০৪টি গ্রাম) এবং যন্ত্রপাতি ও উৎপাদিত ফসল সংরক্ষণে ক্ষুদ্রাকার শেড নির্মাণ । |
| ৭. | প্রকল্পের প্রত্যাশিত আউটপুট | : | প্রস্তাবিত প্রকল্পের মেয়াদ শেষে প্রকল্প মূল কর্মকান্ড তথ্য প্রতিষ্ঠিত মেকানাইজেশন ভিলেজ দেশের অন্যান্য এলাকায় দ্রুত সম্প্রসারণ, জনপ্রিয়করণ ও ধারাবাহিকতা রক্ষা, প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে পল্লী উন্নয়ন মডেল উদ্ভাবন। |
| ৮. | প্রকল্প এলাকা | : | বগুড়া জেলার (বগুড়া সদর, শেরপুর, শাজাহানপুর ও নন্দীগ্রাম উপজেলা) |
| ৯. | প্রকল্পের মেয়াদ | : | জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৬ |
| ১০. | প্রাক্কলিত ব্যয় | : | ১১৪১.০০ লক্ষ (এগারো কোটি একচল্লিশ লক্ষ টাকা) |

১১. সুবিধাভোগীর সংখ্যা : ১১১০ জন

১২. সুবিধার ধরন : আবর্তক ঋণ

# প্রকল্পের কনস্টেপচ্যুয়াল ফ্রেম ওয়ার্ক

